রেজিস্ট্রার-এর কার্যালয়

# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল – ১৯০২।

**Website: www.mbstu.ac.bd**

সূত্র ঃ মাভাবিপ্রবি/একা-ভর্তি.পরী:কমিটি(০২০)/২৬৩৬ তারিখ ঃ ১০ ভাদ্র ১৪২২ / ২৫ আগস্ট ২০১৫

## ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান), বিবিএ ও বিফার্ম প্রোগ্রামে

# ভর্তি বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নিম্নে বর্ণিত ইউনিটসমূহের অন্তর্ভুক্ত বিভাগগুলোতে ৪(চার) বছর (ফার্মেসি ৫বছর) মেয়াদি স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান), বিবিএ ও বিফার্ম প্রোগ্রামে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য শুধুমাত্র **এসএমএস (SMS)**-এর মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে।

**আবেদনের সময়সীমা : ০৬ সেপ্টেম্বর ২০১৫ থেকে ৩১ অক্টোবর ২০১৫ রাত ১২:০০টা পর্যন্ত (যেকোনো দিন যেকোনো সময়)।**

**ভর্তি পরীক্ষায় ইউনিটভিত্তিক বিভিন্ন বিভাগের জন্য নির্ধারিত আসনসংখ্যা নিম্নরূপ:**

| ইউনিট | বিভাগ | আসনসংখ্যা |
|---|---|---|
| A [ইঞ্জিনিয়ারিং অনুষদ] | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) | ৫৫ |
| | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) | ৫৫ |
| | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) | ৫৫ |
| B [লাইফ সায়েন্স অনুষদ] | এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট (ইএসআরএম) | ৫৫ |
| | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স (সিপিএস) | ৫৫ |
| | ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স (এফটিএনএস) | ৫৫ |
| | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই) | ৫৫ |
| | ফার্মেসি | ৩৫ |
| | বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) | ৩৫ |
| C [সায়েন্স অনুষদ] | রসায়ন | ৫৫ |
| | গণিত | ৫৫ |
| | পদার্থবিদ্যা | ৫৫ |
| | পরিসংখ্যান | ৫৫ |
| D [বিজনেস স্টাডিজ অনুষদ] | বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন [বাণিজ্য বিভাগের জন্য ৩৭, বিজ্ঞান বিভাগের জন্য ১২ এবং মানবিক বিভাগের জন্য ৬ জন] | ৫৫ |
| [সোস্যাল সায়েন্স অনুষদ] | অর্থনীতি [বাণিজ্য বিভাগের জন্য ১৫, বিজ্ঞান বিভাগের জন্য ২০ এবং মানবিক বিভাগের জন্য ২০] | ৫৫ |

### ১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ন্যূনতম যোগ্যতা:

ক) ২০১২ বা ২০১৩ সালে অনুষ্ঠিত এসএসসি/সমমান এবং ২০১৪ বা ২০১৫ সালে অনুষ্ঠিত এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে। তবে আবেদনকারীর অবশ্যই উভয় পরীক্ষায় পৃথকভাবে **৪র্থ বিষয় ব্যতীত** ন্যূনতম জিপিএ ৩.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৬.৫০ থাকতে হবে।

খ) বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ A, B, C ও D ইউনিটে এবং মানবিক বিভাগ ও বাণিজ্য বিভাগ হতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ শুধুমাত্র D ইউনিটে আবেদন করতে পারবে।

গ) A ইউনিটে ভর্তি-ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থবিদ্যা ও গণিতে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। B ইউনিটে ভর্তি-ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। অধিকন্তু ফার্মেসি বিভাগে এবং বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগে ভর্তি-ইচ্ছুক প্রার্থীদের এইচএসসি/সমমানের পরীক্ষায় গণিতেও ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। C ইউনিটে ভর্তি-ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

ঘ) O-Level এবং A-Level এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জিসিই (GCE) O-Level এ কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাস এবং জিসিই A-Level এ কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাস থাকতে হবে।

ঙ) ২০১২ সালের পূর্বে এসএসসি/জিসিই O-Level/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে না।

### ২। রেজিস্ট্রেশন প্রক্রিয়া:

ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে Message অপশনে গিয়ে MBSTU <স্পেস> এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <স্পেস> এইচএসসি পাসের সাল <স্পেস> এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> এসএসসি পরীক্ষার রোল নম্বর <স্পেস> এসএসসি পাসের সাল <স্পেস> কাঙ্ক্ষিত ইউনিটের কীওয়ার্ড (A/B/C/D) <স্পেস> 16222 নম্বরে SMS করতে হবে। **ইংরেজি মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটর বরাবর লিখিত আবেদন করতে হবে।**

উদাহরণ : **MBSTU DHA 123456 2015 DHA 123456 2013 A**

উদাহরণটি ঢাকা বোর্ড থেকে ২০১৫ সালে এইচএসসি ও ২০১৩ সালে এসএসসি উত্তীর্ণ ছাত্র-ছাত্রী এবং **MBSTU**-এর **A** ইউনিটের জন্য। এখানে **123456** এর জায়গায় যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। ২০১৪ সালে এইচএসসি উত্তীর্ণদেরকে ২০১৫ এর জায়গায় ২০১৪ লিখতে হবে।

খ) বিভিন্ন শিক্ষাবোর্ডের জন্য লিখতে হবে: কুমিল্লা (COM), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), সিলেট (SYL), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (Vocational) (VOC), Diploma in Business Studies (DIB), Diploma in Commerce (DIC), HSC in Business Management (HBM), Open University and Foreign Students (OTH)।

গ) উপরের নিয়মে SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN( নম্বর) জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আর একটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে MBSTU <স্পেস> YES <স্পেস> PIN(নম্বর) <স্পেস> মোবাইল ফোন নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল ফোন নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে পরবর্তী যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত যেকোনো অপারেটরের একটি মোবাইল ফোন নম্বর লিখতে হবে।

উদাহরণ : **MBSTU YES 654321 01XXXXXXXXX**

এই উদাহরণের 654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN (নম্বর)টি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি বাবদ **৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা** (সার্ভিস চার্জসহ) কেটে নেয়া হবে, অন্যথায় কোনো ফি কাটা হবে না।

ঘ) আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণে টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।

ঙ) O/A-Level হতে উত্তীর্ণ আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে:

উদাহরণ : **MBSTU GCE 123456 2014 A ENG** এখানে 123456 এর জায়গায় আবেদনকারীর A-Level এর নিজ candidate নম্বরটি বসাতে হবে।

চ) কোটায় ভর্তি-ইচ্ছুক আবেদনকারীদের ক্ষেত্রে নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: মুক্তিযোদ্ধার সন্তান কোটা (FFQ), উপজাতি কোটা (TQ), পোষ্য কোটা (WQ)।

উদাহরণ : **MBSTU DHA 123456 2014 DHA 123456 2012 A FFQ**

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং MBSTU এর **A** ইউনিটের মুক্তিযোদ্ধার সন্তান কোটার (FFQ) জন্য।

healthebd24.com

৩। **ভর্তি পরীক্ষার আসন-বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়:**

ক) সফলভাবে আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও আসন-বিন্যাস এসএমএস, বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে জানানো হবে।

**খ) সফলভাবে আবেদনকৃত ছাত্র/ছাত্রীকে ভর্তি পরীক্ষার দিনে তার এসএসসি/সমমান–এর মূল/সাময়িক সনদপত্রের ফটোকপি ও এইচএসসি/সমমান এর মূল রেজিস্ট্রেশন কার্ড ও এর ০২(দুই) কপি সত্যায়িত ফটোকপি এবং ০২(দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবির পেছনে ছাত্র/ছাত্রীর নাম, এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত রোল নম্বর বাংলায় ও ইংরেজিতে লিখে উক্ত ছবি দুটির প্রত্যেকটি পৃথকভাবে ফটোকপিকৃত রেজিস্ট্রেশন কার্ডের বাম দিকে উপরে স্ট্যাপলার পিন দিয়ে সংযুক্ত করে অবশ্যই সঙ্গে আনতে হবে। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপির উপরের অংশে উক্ত রোল নম্বর বাংলা ও ইংরেজিতে লিখতে হবে।**

গ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/ইনভিজিলেটর পরীক্ষার হলে পরীক্ষার্থী কর্তৃক আনীত এইচএসসি/সমমান পরীক্ষার ফটোকপিকৃত দুইটি রেজিস্ট্রেশন কার্ড সত্যায়িত করে (ছবিসহ) একটি শিক্ষার্থীকে প্রবেশপত্র হিসাবে প্রদান করবেন এবং অন্যটি পরীক্ষার হলে জমা রাখবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা সংরক্ষণ করবেন।

**ঘ) এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

ঙ) বৃত্ত ভরাটের ক্ষেত্রে অবশ্যই কালো কালির বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে।

চ) পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর বা অন্য কোনো ধরনের ইলেকট্রনিক কমিউনিকেশন ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

ছ) PIN (নম্বর) কোড পাওয়ার পর কোনো কারণে ভর্তি পরীক্ষার রোল নম্বর পাওয়া না গেলে আবেদনের ফরম জমার সর্বশেষ তারিখ উত্তীর্ণ হওয়ার পর কমপক্ষে ০৩(তিন)দিন পর সংশ্লিষ্ট ইউনিট–অফিস থেকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে রোল নম্বর সংগ্রহ করা যাবে।

জ) ভর্তি পরীক্ষার রোল নম্বর হারিয়ে গেলে নির্ধারিত ২০০/- (দুইশত)টাকা ফি পরিশোধপূর্বক সংশ্লিষ্ট ইউনিট-অফিস থেকে রোল নম্বর সংগ্রহ করা যাবে।

৪। **কোটা:**

মুক্তিযোদ্ধার সন্তান/উপজাতি/পোষ্য কোটা বিধি মোতাবেক বিভাগভিত্তিক সংরক্ষণ করা হবে। কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত আসনসমূহ শূন্য থাকবে। মুক্তিযোদ্ধার সন্তান/উপজাতি/পোষ্য কোটায় আবেদনকারীগণকে ভর্তি পরীক্ষার উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে বৃত্ত ভরাট করে নিজ কোটায় আবেদন নিশ্চিত করতে হবে। **মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই মুক্তিযোদ্ধার সন্তান হতে হবে।**

৫। **নম্বর বন্টন:**

ভর্তি পরীক্ষা **MCQ** (**Multiple Choice Questions**) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিটে ২০০ নম্বরের মধ্যে ১০০ নম্বর **MCQ** (১০০ টি প্রশ্ন থাকবে) এবং অবশিষ্ট ১০০ নম্বরের মধ্যে এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে ৪০% (চতুর্থ বিষয়সহ) ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে ৬০% (চতুর্থ বিষয়সহ) গণনা করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (শূন্য দশমিক দুই পাঁচ) নম্বর মোট প্রাপ্ত নম্বর থেকে কর্তন করা হবে।

**A, B, C এবং D ইউনিটভিত্তিক ভর্তি পরীক্ষার নম্বর বন্টন:**

**A ইউনিট:**

| বিষয় | ইংরেজি | রসায়ন | পদার্থবিদ্যা | গণিত | |
|---|---|---|---|---|---|
| নম্বর | ১০ | ৩০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

**B ইউনিট:**

| বিষয় | ইংরেজি | রসায়ন | পদার্থবিদ্যা | জীববিজ্ঞান | |
|---|---|---|---|---|---|
| নম্বর | ১০ | ৩৫ | ২০ | ৩৫ | মোট = ১০০ |

**C ইউনিট:**

| বিষয় | ইংরেজি | রসায়ন | পদার্থবিদ্যা | গণিত | |
|---|---|---|---|---|---|
| নম্বর | ১০ | ৩০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

**D ইউনিট: (বাণিজ্য বিভাগ হতে উত্তীর্ণদের জন্য)**

| বিষয় | ইংরেজি | ব্যবসায় নীতি ও প্রয়োগ | হিসাব-বিজ্ঞান | |
|---|---|---|---|---|
| নম্বর | ৪০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

**D ইউনিট: (বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণদের জন্য)**

| বিষয় | ইংরেজি | রসায়ন | পদার্থবিদ্যা | গণিত | রসায়ন, পদার্থবিদ্যা ও গণিত বিষয়ের যেকোনো ০২ টি বিষয় হতে উত্তর দিতে হবে |
|---|---|---|---|---|---|
| নম্বর | ৪০ | ৩০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

**D ইউনিট: (মানবিক বিভাগ হতে উত্তীর্ণদের জন্য)**

| বিষয় | ইংরেজি | বাংলা | অর্থনীতি | পৌরনীতি | অর্থনীতি ও পৌরনীতি বিষয়ের যেকোনো ০১ টি বিষয় হতে উত্তর দিতে হবে |
|---|---|---|---|---|---|
| নম্বর | ৪০ | ৩০ | ৩০ | ৩০ | মোট = ১০০ |

A ইউনিটে ইংরেজিতে ন্যূনতম ০৩ নম্বর (৩০%) এবং পদার্থবিদ্যা ও গণিতে পৃথকভাবে ন্যূনতম ১২ নম্বর (৪০%), B ইউনিটে ইংরেজিতে ন্যূনতম ০৩ নম্বর (৩০%) এবং রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ১৪ নম্বর (৪০%), C ইউনিটে প্রত্যেক বিষয়ে ন্যূনতম ৩০% নম্বরসহ সর্বমোট ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে এবং D ইউনিটে ইংরেজিতে ন্যূনতম ১৬ নম্বর (৪০%) অবশ্যই পেতে হবে। সকল ইউনিটে পরীক্ষার পাস নম্বর ন্যূনতম ৪০। কোটায় আবেদনকারীদের ক্ষেত্রেও ন্যূনতম পাস নম্বর ৪০।

MCQ পদ্ধতিতে অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের প্রশ্নের উত্তরের জন্য ১:০০(এক) ঘন্টা সময় বরাদ্দ থাকবে, তবে পরীক্ষার্থীদেরকে পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার হলে উপস্থিত থাকতে হবে।

৬। **ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি:**

| তারিখ ও বার | সময় | ইউনিট |
|---|---|---|
| ২৭ নভেম্বর ২০১৫, শুক্রবার | সকাল ১০:৩০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত | A |
| | বিকাল ০৩:০০ হতে ০৪:৩০ পর্যন্ত | B |
| ২৮ নভেম্বর ২০১৫, শনিবার | সকাল ১০:৩০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত | C |
| | বিকাল ০৩:০০ হতে ০৪:৩০ পর্যন্ত | D |

আবেদনকারীগণ ভর্তিসংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য www.mbstu.ac.bd ওয়েবসাইট হতে ভর্তির নির্দেশিকা ডাউনলোড করে নিতে পারবে অথবা হটলাইন **01554321187, 01789876784 এবং 01734182277** মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারবে। ভর্তিসংক্রান্ত নিয়মনীতির যেকোনো ধারা/উপধারা পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ভর্তি পরীক্ষার আবেদনে কোনো তথ্য মিথ্যা বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মেধাক্রম অনুযায়ী মৌখিক পরীক্ষার তারিখ ও সময় এবং ভর্তিকৃতদের ওরিয়েন্টেশন ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তিসংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি যথাসময়ে সংশ্লিষ্ট ডিন অফিসের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (www.mbstu.ac.bd)-এর মাধ্যমে জানা যাবে।

**বি:দ্র: আবেদনকারী টেলিটক মোবাইল অপারেটর কর্তৃক প্রদানকৃত রোল নম্বর ও PIN(নম্বর) নিজে সংরক্ষণ করবে।**

**মোঃ জমরুদ হোসেন**
ডেপুটি রেজিস্ট্রার(একাডেমিক)
ও
সদস্য-সচিব
কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি ২০১৫–১৬
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল – ১৯০২।
ফোন ঃ ০৯২১-৬১৫৮৬

healthebd24.com